গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
সামাজিক নিরাপত্তা শাখা

...

| | |
|---|---|
| সভাপতি | নুরুজ্জামান আহমেদ এম.পি<br>মাননীয় মন্ত্রী |
| সভার তারিখ | ২২ এপ্রিল ২০২১ |
| সভার সময় | বেলা ১২.৩০ টা |
| স্থান | অনলাইনে (Zoom Platform) |
| উপস্থিতি | সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট “ক” |

০২। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে তিনি উল্লেখ করেন যে, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাভুক্ত সামাজিক নিরাপত্তা কর্মসূচির ভাতা G2P পদ্ধতিতে উপকারভোগীদের নিকট সরাসরি পৌঁছে দেয়ার লক্ষ্যে সরকার কর্তৃক মোবাইল আর্থিক প্রতিষ্ঠান এর মাধ্যমে বিতরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী গত ১৪ জানুয়ারি ২০২১ তারিখে এ কার্যক্রমের শুভ উদ্বোধন করেন। মাননীয় প্রধানমন্ত্রীর এ উদ্যোগের সফল বাস্তবায়ন আমাদের সকলের অপরিহার্য দায়িত্ব। কোভিড-১৯ পরিস্থিতিতে লকডাউনের সময়ও সমাজকল্যাণ মন্ত্রণালয়, সমাজসেবা অধিদফতর, নগদ এবং বিকাশসহ সংশ্লিষ্ট সকলকে G2P বাস্তবায়নে নিরলসভাবে কাজ করে যাওয়ায় ধন্যবাদ জ্ঞাপন করেন। অতঃপর তিনি সভার কার্যক্রম পরিচালনার জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব, জনাব মাহফুজা আখতারকে অনুরোধ জানান।

**৩.০ আলোচনা:**

৩.১ সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় সভাকে অবহিত করেন যে, সমাজকল্যাণ মন্ত্রণালয় দেশের দুস্থ, প্রতিবন্ধী, অসহায়, অভাবগ্রস্ত নাগরিকদের জন্য বর্তমান সরকারের বিভিন্ন পরিকল্পনা বাস্তবায়ন করে যাচ্ছে। গত ১৪ জানুয়ারি ২০২১ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক Mobile Financial Service (MFS) প্রতিষ্ঠানের মাধ্যমে ভাতা প্রদানের উদ্বোধনের পরিপ্রেক্ষিতে এ পদ্ধতি অতিদ্রুত বাস্তবায়ন করা সমাজকল্যাণ মন্ত্রণালয় ও সহযোগী সকল দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের অপরিহার্য কর্তব্য। তিনি সামাজিক নিরাপত্তা কর্মসূচির ভাতাসমূহ Government to Person (G2P) পদ্ধতিতে সরাসরি উপকারভোগীর নিকট প্রেরণের নিমিত্ত Mobile Financial Service (MFS) প্রতিষ্ঠান ‘নগদ’ ও ‘বিকাশ’ এবং সমাজসেবা অধিদফতর -এর সাথে স্বাক্ষরিত চুক্তির অগ্রগতি এবং ১১ এপ্রিল, ২০২১ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহ সভায় উপস্থাপন করেন। পরবর্তীতে উপস্থাপিত সিদ্ধান্তসমূহের হালনাগাদ অবস্থা বিস্তারিত উপস্থাপনের জন্য তিনি সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট ড. মোঃ আবুল হোসেন, যুগ্মসচিব (কার্যক্রম)-কে অনুরোধ জানান।

৩.২ ড. মোঃ আবুল হোসেন, যুগ্মসচিব (কার্যক্রম) সভাকে অবহিত করেন যে, চুক্তি মোতাবেক মোট ৮৮.৫০ লক্ষ জন (বয়স্ক ভাতা ৪৯.০০ লক্ষ জন, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা ২০.৫০ লক্ষ জন, প্রতিবন্ধী ভাতা ১৮.০০ লক্ষ জন এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি ১.০০ লক্ষ জন) উপকারভোগীর মধ্যে এজেন্ট ব্যাংকিং-এর মাধ্যমে প্রদানকৃত ২১ টি জেলার ৭৭টি উপজেলার ১২,৩৭,০৯১ জন উপকারভোগী ব্যতীত ৭৬,১২,৯০৮ জন মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ভাতা প্রদানের আওতাভুক্ত। তন্মধ্যে ‘নগদ’ ৭৫% (৩৯টি জেলা) ৫৭,০৯,৬৮১ জন এবং ‘বিকাশ’ ২৫% (২৩টি জেলা) ১৯,০৩,২২৭ জনকে G2P পদ্ধতিতে উপকারভোগীদের মোবাইল ব্যাংকিং হিসেবে ভাতা প্রদানের লক্ষ্যে হিসাব খোলাসহ চুক্তি অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।

৩.৩ ড. মোঃ আবুল হোসেন, যুগ্মসচিব (কার্যক্রম) ২০ এপ্রিল ২০২১ পর্যন্ত G2P পদ্ধতিতে সরাসরি উপকারভোগীদের নিকট

সমাজসেবা অধিদফতর, 'নগদ' ও 'বিকাশ' এর কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন নিম্নের ছকের মাধ্যমে সভাকে অবহিত করেন:

| | বিকাশ | নগদ | মোট |
|---|---|---|---|
| জেলা | ২৩ | ৩৯ | ৬২ |
| উপকারভোগী | ১৯,০৩,২২৭ | ৫৭,০৯,৬৮১ | ৭৬,১২,৯০৮ |
| DSS হতে MFS-কে উপকারভোগীর তথ্য প্রদান | ১৮,০৫,০৮৩ | ৫৩,৫৪,০০৫ | ৭১,৫৯,০৮৮ |
| MFS কর্তৃক উপকারভোগীর হিসাব খোলার সংখ্যা | ১০,৩০,৩৪৮ | ৩৪,৭৩,৫৬৩ | ৪৫,০৩,৯১১ |
| MFS কর্তৃক MIS-এ আপলোডের জন্য তথ্য প্রদান | ১০,০৪,৪৬৬ | ৩৪,৭৩,৫৬৩ | ৪৪,৭৮,০২৯ |
| DSS কর্তৃক MIS এ উপকারভোগীর তথ্য আপলোড | ৯,৯৫,৭৯৪ | ১৬,৩৮,০০০ | ২৬,৩৩,৭৯৪ |

৩.৪ সভায় জানানো হয় যে, সমাজসেবা অধিদফতর কর্তৃক বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী ১৫ এপ্রিল ২০২১ তারিখের মধ্যে সকল উপকারভোগীর তথ্য 'নগদ' ও 'বিকাশ'-এর নিকট হস্তান্তরের সিদ্ধান্ত থাকলেও এ পর্যন্ত 'নগদ'-কে ৩,৫৫,৬৭৬ সংখ্যক তথ্য এবং 'বিকাশ'-কে ৯৮,১৪৪ সংখ্যক তথ্য প্রদান করা হয়নি। এ বিষয়ে সভায় অসন্তোষ প্রকাশের পরিপ্রেক্ষিতে মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর সভাকে অবহিত করেন যে, এ সকল তথ্য যাচাই বাছাই করে 'নগদ' ও 'বিকাশ'-কে প্রদানের কার্যক্রম অব্যাহত আছে। বর্ণিত বিষয়ে মহাপরিচালক, সমাজসেবা অধিদফতরের দৃষ্টি আকর্ষণপূর্বক সভায় সচিব কর্তৃক উল্লেখ করা হয় যে, ইতোপূর্বে ম্যানুয়াল পদ্ধতিতে যে সকল হিসাবধারীর বিপরীতে ভাতা প্রদান করা হতো তা চুক্তি অনুযায়ী সমাজসেবা অধিদফতর কর্তৃক বহু আগেই নগদ ও বিকাশকে প্রদান করা বাঞ্ছনীয় ছিল। স্বাক্ষরিত চুক্তি অনুসারে সমাজসেবা অধিদফতর, 'নগদ' ও 'বিকাশ' থেকে প্রাপ্ত তথ্যসমূহের ভিত্তিতে KYC পদ্ধতিতে ভাতাভোগীদের মোবাইল ব্যাংকিং হিসাব নিবন্ধনকরত: সমাজসেবা অধিদফতরের MIS এ প্রেরণ করার যুক্তিযুক্ত ছিল বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়।

৩.৫ মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর সভাকে অবহিত করেন যে, গত ২১ এপ্রিল ২০২১ তারিখে সিলেটের বালাগঞ্জ এবং কুড়িগ্রামের রাজারহাট উপজেলায় EFT এর মাধ্যমে বর্ণিত ভাতা প্রদান শুরু হয়েছে। উপকারভোগীদের মোবাইল নম্বর সঠিকভাবে যাচাই-বাছাই করার বিষয়ে তিনি গুরুত্বারোপ করেন। এ বিষয়ে তিনি মোবাইল আর্থিক প্রতিষ্ঠান 'নগদ' ও 'বিকাশ'- কে সতর্কতার সাথে মোবাইল নম্বর সঠিকভাবে যাচাই-বাছাই করার জন্য তাগিদ দেন। অন্যথায় সঠিক ব্যক্তির নিকট ভাতা প্রদান ব্যাহত হতে পারে মর্মে তিনি আশংকা প্রকাশ করেন। মহাপরিচালক সভাকে আরো জানান যে, এ পর্যন্ত যে সকল উপজেলায় ৭০% ডাটা MIS অন্তর্ভুক্ত হয়েছে সে সকল উপজেলায় ভাতা মোবাইল আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে এবং বাকী ৩০% পূর্বতন পদ্ধতি তথা ম্যানুয়াল পদ্ধতিতে প্রদানের পরিকল্পনা সমাজসেবা অধিদফতরের রয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক G2P পদ্ধতিতে ভাতা বিতরণ কার্যক্রম উদ্বোধনের পর এবং পরবর্তীতে মাননীয় মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয় এঁর সভাপতিত্বে সভার সিদ্ধান্ত গ্রহণের পর সমাজসেবা অধিদফতর কর্তৃক ম্যানুয়াল পদ্ধতিতে ভাতা প্রদানের কার্যক্রমে ফিরে যাওয়ার কোন অবকাশ নেই মর্মে সচিব দৃঢ়ভাবে সভায় মত প্রকাশ করেন।

৩.৬ মোবাইল আর্থিক প্রতিষ্ঠান 'নগদ' এর ব্যবস্থাপনা পরিচালক জনাব তানভীর আহমেদ মিশুক সভাকে জানান, সমাজসেবা অধিদফতর থেকে ৫৩,৫৪,০০৫ জন উপকারভোগীর তথ্য পাওয়া গেছে। তন্মধ্যে ৩৪,৭৩,৫৬৩ জন উপকারভোগীর তথ্য MIS-এ প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট উপকারভোগীর তথ্য শীঘ্রই সমাজসেবা অধিদফতরের MIS-এ প্রেরণ করা হবে। এছাড়া চুক্তি মোতাবেক ভাতাভোগীদের প্রাপ্য ভাতার সাথে ০.৭% ক্যাশ আউট চার্জের সমপরিমান প্রাপ্য অর্থ ছাড় নিশ্চিত করার জন্য তিনি প্রস্তাব উত্থাপন করেন।

৩.৭ মোবাইল আর্থিক প্রতিষ্ঠান 'বিকাশ' এর প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব কামাল কাদের সভায় জানান, সমাজসেবা অধিদফতর থেকে ১৮,০৫,০৮৩ জন উপকারভোগীর তথ্য পাওয়া গেছে। তন্মধ্যে ২০ এপ্রিল, ২০২১ পর্যন্ত ১০,০৪,৪৬৬ জন উপকারভোগীর Data সমাজসেবা অধিদফতরের MIS এ প্রেরণ করা হয়েছে। কার্যক্রম অব্যাহত রয়েছে, বিধায় পর্যায়ক্রমে সকল উপকারভোগীর তথ্য যাচাই বাছাইপূর্বক সমাজসেবা অধিদফতরের MIS এ প্রেরণ করা হবে।

৩.৮ মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী 'নগদ' ও 'বিকাশ' কর্তৃক ২০ এপ্রিল ২০২১ তারিখের মধ্যে উপকারভোগীদের মোবাইল ব্যাংকিং হিসাব খোলা সম্পন্ন না হওয়ার কারণ 'নগদ' ও 'বিকাশ' এর প্রতিনিধিদের নিকট

সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় জানতে চাইলে তাঁরা জানান, কোভিড -১৯ জনিত চলমান লকডাউনের কারণে কাঙ্খিত সময়ে হিসাব খোলা সম্পন্ন করা যায়নি, তবে দ্রুততম সময়ের মধ্যে বাকী উপকারভোগীদের মোবাইল হিসাব খোলার ব্যাপারে ‘নগদ’ ও ‘বিকাশ’ এর প্রতিনিধিগণ সর্বাত্নক প্রচেষ্টা অব্যাহত রাখার বিষয়ে সভাকে আশ্বস্ত করেন।

৩.৯ মন্ত্রিপরিষদ বিভাগের প্রতিনিধি উপসচিব, মোঃ শাফায়াত মাহবুব চৌধুরী সভায় G2P পদ্ধতিতে সরাসরি উপকারভোগীদের মোবাইল ব্যাংকিং হিসাবে ভাতা প্রদান কার্যক্রমে মাঠ পর্যায়ে কোন সমস্যা সৃষ্টি হলে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ জানান। একই সাথে বিষয়টির গুরুত্ব বিবেচনায় বিবেচ্য ভাতা প্রদানের ক্ষেত্রে সহযোগিতা প্রয়োজন হলে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে মাঠ প্রশাসনকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হবে মর্মে সভায় অভিমত ব্যক্ত করেন।

৩.১০ স্থানীয় সরকার বিভাগের প্রতিনিধি যুগ্মসচিব, মোহাম্মদ মোখলেসুর রহমান সরকার G2P পদ্ধতিতে উপকারভোগীদের নিকট মোবাইল ব্যাংকিং হিসাবে ভাতা প্রদান কার্যক্রমে স্থানীয় সরকার বিভাগ সর্বাত্মক সহযোগিতা প্রদান করবে মর্মে তিনি সভাকে আশ্বস্ত করেন।

৩.১১ বাংলাদেশ ব্যাংক এর প্রতিনিধি সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, ডিজিএম জনাব রাহাত উদ্দিন সভায় জানান প্রতিদিন ১০.০০ লক্ষ উপকারভোগীর নিকট EFT করা যাবে এবং এ বিষয়ে বাংলাদেশ ব্যাংকের সার্বিক সহযোগিতা অব্যাহত থাকবে মর্মে তিনি সভাকে অবহিত করেন।

৩.১২ মাননীয় প্রতিমন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয় বলেন, সমাজের অসহায় ও দুস্থদের কষ্ট লাঘবের জন্য সামাজিক নিরাপত্তা কর্মসূচির অধীন বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তিসমূহ G2P পদ্ধতিতে প্রদানের সিদ্ধান্ত সরকার গ্রহণ করেছে, যা অত্যন্ত যুগোপযোগী। তিনি এ কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত মাঠ পর্যায়ে চলমান মোবাইল ব্যাংকিং হিসাব খোলা সম্পর্কে ব্যাপক প্রচার করার এবং উপকারভোগীদের এ বিষয়ে সচেতনতা সৃষ্টির উপর গুরোত্বরোপ করেন। তিনি উল্লেখ করেন যে, কোনভাবেই পূর্বতন পদ্ধতিতে ভাতা বিতরণ করা সঠিক হবে না, এতে মাঠ পর্যায়ে বিশৃঙ্খলা সৃষ্টি হতে পারে, যা সরকারের ভাবমূর্তিকে ক্ষুণ্ণ করতে পারে। এ পর্যায়ে যতজনের ভাতা G2P পদ্ধতিতে প্রদান করা সম্ভব, ততজনকেই প্রদান করতে হবে । পর্যায়ক্রমে সকলকে G2P পদ্ধতিতে ভাতা প্রদান করতে হবে। তিনি নেত্রকোনা জেলায় সমাজসেবা অধিদফতরের কর্মকর্তা/কর্মচারীর স্বল্পতার বিষয়ে মহাপরিচালক, সমাজসেবা অধিদফতরের দৃষ্টি আকর্ষণ করেন।

৩.১৩ সভাপতি সমাপনী বক্তব্যে বলেন, বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী গত ১৪ জানুয়ারি ২০২১ তারিখ ভিডিও কনফারেন্সের মাধ্যমে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি G2P পদ্ধতিতে প্রদানের নিমিত্ত উদ্বোধন করেছেন। মাননীয় প্রধানমন্ত্রী’র সানুগ্রহ সম্মতির বিষয়টি উল্লেখ করে তিনি আরো বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর প্রত্যাশা উপকারভোগীর নিকট নির্বিঘ্নে ও দ্রুততম সময়ে ভাতার অর্থ প্রেরণ নিশ্চিত করা। সে বিষয়টি মাথায় রেখে মাননীয় প্রধানমন্ত্রীর প্রত্যাশা পূরণে যাতে ঘাটতি না হয় সেজন্য সংশ্লিষ্ট সকলকে সর্বোচ্চ আন্তরিকতা ও দায়িত্বশীলতার সাথে কাজ করতে হবে; ১৪ জানুয়ারি ২০২১ তারিখের পর পূর্বতন পদ্ধতিতে তথা ম্যানুয়ালি ভাতা প্রদান করার কোন অবকাশ নেই। সকল ভাতা G2P পদ্ধতিতে উপকারভোগীদের নিকট প্রেরণ করতে হবে। সমাজসেবা অধিদফতর এবং মোবাইল আর্থিক প্রতিষ্ঠান ‘নগদ’ ও ‘বিকাশ’ চুক্তি অনুযায়ী দায়িত্ব পালনে ব্যর্থ হলে সমাজকল্যাণ মন্ত্রণালয় ব্যর্থ হবে। এতে সরকারের ভাবমূর্তি ক্ষুন্ন হবে এবং দুস্থ জনগণ বঞ্চিত হবে; যা কোনভাবেই কাম্য নয়। এ মুহূর্ত থেকে G2P পদ্ধতিতে উপকারভোগীদের নিকট ভাতা প্রদান কার্যক্রমের স্বার্থে বাস্তবায়ন মনিটরিং-এর জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ প্রয়োজনে মাঠ পর্যায়ে পরিদর্শন করবেন এবং এ কার্যক্রমের সফল বাস্তবায়ন নিশ্চিত করবেন। ‘নগদ’ এবং ‘বিকাশ’ উপকারভোগীদের মোবাইল নাম্বার সঠিক কি না, তা সর্তকতার সাথে পরীক্ষা-নিরীক্ষাপূর্বক উপকারভোগীদের তথ্য সমাজসেবা অধিদফতর এর MIS এ আপলোডের জন্য প্রেরণ করতে হবে। চুক্তি অনুযায়ী ‘নগদ’ ও ‘বিকাশ’-কে তাদের দায়িত্ব পালনের জন্য তিনি আহ্বান জানান। বর্তমান কোভিডকালীন সময় সমাজকল্যাণ মন্ত্রণালয়ের কর্মকান্ড জরুরী সেবার আওতায় আনার বিষয়ে তিনি গুরুত্বারোপ করেন। এ বিষয়ে তিনি মন্ত্রিপরিষদ বিভাগের প্রতিনিধির দৃষ্টি আকর্ষণ করেন। তিনি পবিত্র মাহে রমজানের শুভেচ্ছা জানিয়ে ভাতা বিতরণ কার্যক্রমের সাথে সম্পৃক্ত সকলকে একযোগে কাজ করার আন্তরিক আহবান জানান। সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে তিনি তাঁর বক্তব্য শেষ করেন।

৪.০ গত ২১ এপ্রিল ২০২১ তারিখে দুটি উপজেলায় ভাতা প্রদান কার্যক্রম শুরু হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

(ক) আগামী ৩০ এপ্রিল, ২০২১ তারিখের মধ্যে আবশ্যিকভাবে 'নগদ' ও 'বিকাশ' কর্তৃক **KYC পদ্ধতিতে নিবন্ধিত এবং MIS এ হস্তান্তরিত সকল ভাতাভোগীর হিসাবে G2P পদ্ধতিতে** ভাতা প্রদান নিশ্চিত করতে হবে;

(খ) অবশিষ্ট উপকারভোগীদের হিসাব খোলা এবং ভাতা বিতরণ কার্যক্রম আবশ্যিকভাবে **০২ মে ২০২১** তারিখের মধ্যে নিশ্চিত করতে হবে;

(গ) সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সেবা ও ভাতা প্রদান কার্যক্রমকে জরুরি সেবার আওতাভুক্তকরণ এবং লকডাউনের আওতা বহির্ভুত রাখার জন্য মন্ত্রিপরিষদ বিভাগকে সমাজকল্যাণ মন্ত্রণালয় থেকে অনুরোধ জানাতে হবে;

(ঘ) উপকারভোগীদের নিকট দ্রুত ভাতা বিতরণের গুরুত্ব বিবেচনায় উপকারভোগীদের নিকট জরুরিভিত্তিতে ভাতা প্রেরণে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে;

(ঙ) স্বাস্থবিধি অনুসরণপূর্বক জরুরি সেবা বিবেচনায় ভাতা প্রদান কার্যক্রমে সার্বিক সহায়তা প্রদানের লক্ষ্যে জেলা ও উপজেলা প্রশাসন-কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগকে সমাজকল্যাণ মন্ত্রণালয় থেকে অনুরোধ জানাতে হবে;

(চ) স্বাস্থবিধি অনুসরণপূর্বক জরুরি সেবা বিবেচনায় ভাতা প্রদান কার্যক্রমে সার্বিক সহযোগিতা প্রদানের লক্ষ্যে উপজেলা ও ইউনিয়ন পরিষদ-কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয় হতে স্থানীয় সরকার বিভাগকে অনুরোধ জানাতে হবে;

(ছ) অর্থ বিভাগের সংশ্লিষ্ট নির্দেশনা অনুসারে মোবাইল আর্থিক প্রতিষ্ঠানের প্রাপ্য ক্যাশ আউট চার্জ প্রদানের বিষয়ে সমাজসেবা অধিদফতর উদ্যোগ গ্রহণ করবে;

(জ) স্বাক্ষরিত চুক্তি মোতাবেক KYC পদ্ধতিতে উপকারভোগীদের যথাযথ হিসাব খোলাসহ উপকারভোগীদের মোবাইল নম্বর নির্ভুল করার বিষয়টি 'নগদ' এবং 'বিকাশ' কর্তৃপক্ষ নিশ্চিত করবে। মোবাইল নম্বর ভুলের কারণে প্রকৃত ভাতাভোগী ভাতা না পেলে বা ভাতা পেতে হয়রানির স্বীকার হলে এর দায়-দায়িত্ব সংশ্লিষ্ট 'নগদ' এবং 'বিকাশ'-কে বহন করতে হবে;

(ঝ) পরিসংখ্যান প্রাপ্তিতে ত্রুটিপূর্ণ হিসাবসমূহের বিষয়ে নীতিমালা অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(ঞ) বিবেচ্য ভাতা প্রদান কার্যক্রম শুরু হওয়ার বিষয় অবহিতকরণে এবং স্বাস্থবিধি অনুসরণপূর্বক নতুন হিসাবধারীদের হিসাব খোলায় উদ্বুদ্ধকরণে ব্যাপক প্রচার, প্রচারণা অব্যহত রাখতে হবে;

(ট) সমাজসেবা অধিদফতরের MIS-এর Capacity বৃদ্ধি করতে হবে। প্রয়োজনে প্রধানমন্ত্রীর কার্যালয়ের a2i-এর সহযোগিতা নিতে হবে;

(ঠ) সমাজসেবা অধিদফতর অনতিবিলম্বে ‘নগদ’ ও ‘বিকাশ’-কে প্রদেয় অবশিষ্ট উপকারভোগীর তথ্য প্রদান নিশ্চিত করবে;

(ড) মাঠ পর্যায়ে উপকারভোগীদের হিসাব খোলা ও ভাতা বিতরণ কার্যক্রম নিবিড় তত্ত্বাবধায়নের জন্য প্রতি বিভাগের অনুকূলে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ তাদের কার্যক্রম অব্যহত রাখবে এবং এ বিষয়ে নিয়মিতভাবে প্রতিবেদন দাখিল করবেন। কর্মকর্তাগণ প্রয়োজনে দায়িত্বপ্রাপ্ত এলাকাসমূহ সরেজমিনে পরিদর্শন করবেন; এবং

(ঢ) উপকারভোগীদের হিসাব খোলা ও ভাতা প্রদান সংক্রান্ত সকল তথ্য সমন্বয়ের জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয়ের নিম্নোক্ত কর্মকর্তাগণকে ফোকাল পয়েন্ট এবং বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসাবে দায়িত্ব প্রদান করা হলো:

| ক্র: নং | নাম ও পদবি | মোবাইল ও ই-মেইল |
|---|---|---|
| ০১. | মোঃ সাইফুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) | ০১৭০৮১৬৬৯৯৯<br>saiful-555@hotmail.com |
| ০২. | ড: মোঃ আবুল হোসেন<br>যুগ্ম সচিব, (কার্যক্রম) | ০১৭৫৫৭০২৭৩৭<br>abulhdr66@gmail.com |

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ প্রতিদিনের Data সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়-কে অবহিত করবেন।

০৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



নুরুজ্জামান আহমেদ এম.পি
মাননীয় মন্ত্রী

স্মারক নম্বর: ৪১.০০.০০০০.০২৩.৩২.০০৪.১৯.১৩

তারিখ: ১১ বৈশাখ ১৪২৮
২৪ এপ্রিল ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩) মুখ্য সমন্বয়ক (এসডিজি) , প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৪) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫) সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৭) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮) মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা
৯) মহাপরিচালক (চলতি দায়িত্ব), ডাক অধিদপ্তর, ঢাকা
১০) অতিরিক্ত সচিব (সকল), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১) বিভাগীয় কমিশনার (সকল), ............................
১২) মহাপরিচালক, মহাপরিচালক ১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
১৩) মহাপরিচালক, মহাপরিচালক ২, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
১৪) যুগ্মসচিব (সকল), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

১৫) প্রকল্প পরিচালক, CTM প্রকল্প, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা

১৬) জেলা প্রশাসক (সকল), .......................

১৭) .....................উপসচিব, , দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা..............বিভাগ

১৮) গভর্নর এর একান্ত সচিব, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা

১৯) পরিচালক (সকল), বিভাগীয় সমাজসেবা কার্যালয়

২০) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২১) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২২) সিস্টেম এনালিস্ট, আইসিটি ও ইনোভেশন শাখা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

২৩) সচিবের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২৪) চিফ এ্যাকাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সমাজকল্যাণ মন্ত্রণনালয়, সেগুনবাগিচা, ঢাকা

২৫) ব্যবস্থাপনা পরিচালক, নগদ, ডাক বিভাগের ডিজিটাল লেনদেন

২৬) প্রধান নির্বাহী কর্মকর্তা, বিকাশ লিমিটেড

মুহাম্মদ শাখীর আহম্মদ চৌধুরী
উপসচিব